

শ্রী রামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট

শ্রেণি- তৃতীয়

বিষয়- ভূগোল বিজ্ঞান

একক- ঘরবাড়ি

উপএকক- বাড়ি [থাকার আস্তানা পৃষ্ঠা-৯২ থেকে ঘরবাড়ির কারিগর
পৃষ্ঠা-১১৪]

১) নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও:-

ক) 'শুধু মানুষই নয়, জন্তু জানোয়ারেরাও বাঁচার জন্য একটা আস্তানায় থাকে'। - কথাটি কতটা যুক্তিযুক্ত? আস্তানা বলতে এখানে কী বোঝানো হয়েছে?

উঃ প্রাকৃতিক দুর্যোগ - (যেমন ঝড়, বৃষ্টি, অত্যধিক গরম বা ঠান্ডা) ও বহিঃশত্রুর আক্রমণ থেকে বাঁচার জন্য আমাদের প্রত্যেকের একটা আস্তানার প্রয়োজন হয়। মানুষ যেমন প্রথমে গাছের ডালে বা পাহাড়ের গুহায় থাকতো, পরে তারা ঘরবাড়ি তৈরি করে থাকতে শুরু করে। একইরকমভাবে ইঁদুর বা পিঁপড়েরা গর্তে, পাখিরা গাছের ডালে বা কোটরে, বন্যপ্রাণীরা গুহায় এমনকি শামুক-ঝিনুক- কচ্ছপের মতো জলজ প্রাণীরা তাদের খোলককে আস্তানার মত ব্যবহার করতে শুরু করে। তাই বলা যায় সমস্ত প্রাণীরই বেঁচে থাকার জন্য আস্তানার প্রয়োজন হয়।

আস্তানা বলতে নিরাপদে থাকার জায়গা বা বাসস্থান কে বোঝানো হয়েছে।

খ) পাহাড়ি অঞ্চলের ঘর বাড়ির বৈশিষ্ট্য কী?

উঃ বই পৃষ্ঠা ৯৩

গ) ভূমিকম্প প্রবণ এলাকায় সাধারণত কিরূপ বাড়ি দেখা যায়?

উঃ যেসকল পাহাড়ি অঞ্চল বা খনি যুক্ত অঞ্চলে (কয়লাখনি, লৌহখনি) মাঝে মাঝেই ভূমিকম্প অনুভূত হয়, সেখানে সাধারণত কাঠের দেওয়াল এবং কাঠ বা টিনের চালের ছাদ দেওয়া বাড়ি দেখা যায়, এর ফলে ভূমিকম্পের ফলে ক্ষয়-ক্ষতির পরিমাণ কম থাকে বা একবার ভেঙে পড়লেও পুনরায় ওই সকল কাঠ বা টিন দিয়ে বাড়ি তৈরি করে নেওয়া যায়।

ঘ) মনে করো তোমার বন্ধু ভিন্ন রাজ্যের বাসিন্দা, সে গরমের ছুটিতে তোমার বাড়ি আসবে। তুমি তাকে কিভাবে তোমার বাড়ি আসার নির্দেশিকা দেবে?

উঃ প্রথমে তাকে আমার গ্রাম বা শহর এর নাম, জেলার নাম, রাজ্যের নাম লিখে আমার বাড়ির ঠিকানা পাঠাবো। সেইমতো সে আমার শহরে বা গ্রামে এলে আমি আমার বাড়ি আসার পথ-নির্দেশিকা বা নকশা তাকে বুঝিয়ে দেবো। নির্দিষ্ট পিনকোড এবং রাস্তার নাম তাকে জানিয়ে দেবো। এতে সে সহজেই আমার বাড়ি পৌঁছাতে পারবে।

ঙ) ওলনদড়ি কী? এটি সাধারণত কারা, কী ধরনের কাজে ব্যবহার করে থাকেন?

উঃ বাড়ির লেবেল সমান করার জন্য সুতোর সাথে ঝোলানো এক রকমের ভারী-সূচালো বস্তু ব্যবহার করা হয়, তাকে কারিগরি ভাষায় ওলন দড়ি বলে।

এটি রাজমিস্ত্রিরা পাকা বাড়ি তৈরির কাজে ব্যবহার করে থাকে।

চ) ছিটেবেড়ার বাড়ি কাকে বলে?

উঃ বই পৃষ্ঠা ১০৩

ছ) পাথর থেকে বাড়ি কিভাবে তৈরি করা হয়?

উঃ বই পৃষ্ঠা ১০৮

জ) রাজমিস্ত্রি ও ঘরামির কাজের তফাৎ কোথায়?

উঃ

কারিগরের প্রকৃতি	কাজের ধরন	ব্যবহৃত যন্ত্রপাতি
---------------------	-----------	--------------------

রাজমিস্ত্রি	ইট, সিমেন্ট, বালি দিয়ে পাকা বাড়ি বানান	কর্নিক, ওলনদড়ি, হাতুড়ি ইত্যাদি
-------------	--	-------------------------------------

ঘরামি	মাটি মাস তালি ঘর বা টিন দিয়ে কাঁচা বাড়ি বানান	কোদাল, কাটারি বাটালি, ঝুড়ি ইত্যাদি
-------	---	---

বি: দ্র: - এর সাথে নির্দিষ্ট অংশটি এবং এই অংশের প্রশ্ন উত্তর বই থেকে ভালো করে পড়বে।

- ছাত্র-ছাত্রীদের পাঠ বুঝতে যদি সমস্যা হয়, তবে নিজের বক্তব্য কमेंট বক্সে পাঠাও।
- নিজের নাম, শ্রেণী, বিভাগ, ক্রমিক সংখ্যা ও যোগাযোগের নম্বর উল্লেখ করবে।
- আমরা সরাসরি তোমাদের সঙ্গে যোগাযোগ করে নেব।